

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫৪১
অমরপুর, ৪ নভেম্বর, ২০২৩

দীপাবলি উৎসব : অমরপুরে সভা

আসন্ন দীপাবলি উৎসব উপলক্ষে নতুন বাজার থানার সভা কক্ষে সম্প্রতি এক সভা অনুষ্ঠিত হয়। বিধায়ক রঞ্জিত দাসের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অমরপুর মহকুমার মহকুমা শাসক প্রশান্ত বাদল নেগী, মহকুমা পুলিশ আধিকারিক দেবাজলী রায় সহ নতুন বাজার এলাকার বিভিন্ন ক্লাবের সদস্যগণ উপস্থিত ছিলেন। সভায় বিধায়ক রঞ্জিত দাস আসন্ন দীপাবলি উৎসব শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। সভায় মহকুমা শাসক প্রশান্ত বাদল নেগী পূজা কমিটির সদস্যদের প্রাক পূজা থেকে বিসর্জন পর্যন্ত প্রতিটি ক্লাবকে নিজ নিজ এলাকায় সুন্দরভাবে পূজা সম্পন্ন করার আহ্বান জানান।
